

স্কুল ভবনসহ জমি দখল

৫ শতাধিক ছাত্রীর লেখাপড়া বন্ধ

■ শাহীন আল আমীন, বকশীগঞ্জ (জামালপুর) সবেদনাতা বকশীগঞ্জের বগারচর ইউনিয়নে একটি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভবন দখল, আসবাবপত্র লুটতরাজ ও স্কুলের জমি দখল করে নিয়েছে একদল সন্ত্রাসী। ফলে ৫ শতাধিক ছাত্রীর পড়া লেখা বন্ধ রয়েছে। স্কুল ভবন উদ্ধারের জন্য আন্দোলনে নেমেছে ওই স্কুলের ছাত্রীরা।

প্রতিষ্ঠার পর থেকেই প্রতি বছর কৃতিত্বের সাথে এই বিদ্যালয় থেকে জেএসসি ও এসএসসি পরীক্ষায় পাস করে আসছে। বিদ্যালয় থেকে গত ৩ বছর যাবৎ এসএসসি ও জেএসসি পরীক্ষায় শতভাগ শিক্ষার্থী পাস করে আসছে। বিদ্যালয়টিতে বর্তমানে ছাত্রীর সংখ্যা ৫২১ জন।

১২ মার্চ একদল সন্ত্রাসী গোপালপুর কো-অপারেটিভ বালিকা উচ্চ বিদ্যালয়ে তাণ্ডব চালিয়ে বিদ্যালয় ভবন, আসবাবপত্র ও অফিসিয়াল কাগজপত্রের ব্যাপক ক্ষতি করে সন্ত্রাসীরা বোর্ডের বিভিন্ন কাগজপত্র ও ছাত্রীদের পরীক্ষা সংক্রান্ত নানা কাগজপত্র জ্বালিয়ে দেয়। স্কুল ভবন স্কুলের জমি দখল নেয়। আমিনুলের ক্যাডার বাহিনী স্কুলের শিক্ষক ও ছাত্রীদের হত্যার হুমকি দেয়। ক্যাডারদের দাপটের মুখে স্কুলের শিক্ষক ও ছাত্রীরা স্কুলের ধারে কাছে ভিড়তে পারছে

না। ফলে স্কুলের ৫ শতাধিক ছাত্রীর পড়া লেখা বন্ধ রয়েছে। স্কুল ভবন ও জমি উদ্ধারের জন্য স্কুলের ছাত্রীরা আন্দোলনে নেমেছে। তারা বিক্ষোভ মিছিল ও মানববন্ধনসহ নানা আন্দোলন করে যাচ্ছে।

বিদ্যালয়ের শিক্ষার্থী সোহনা জানান, আমরা পড়াওনা করতে চাই। দ্রুত বিদ্যালয়টি দখল মুক্ত করে আবারও রাশে ফিরে যেতে চাই।

আমিনুল ইসলাম জানান, বিদ্যালয়টি প্রতিষ্ঠাকালীন সময়ে আমার পরিবার থেকে ২জনকে চাকরি দেয়ার আশ্বাস দেয়া হয়েছিল। দীর্ঘ ২০ বছরেও আমার পরিবারের কাউকে চাকরির ব্যবস্থা করেনি প্রধান শিক্ষক। প্রধান শিক্ষক গোলাম ফারুকের পরিবার থেকেই ৬ জনকে চাকরি দেয়া হয়েছে এই প্রতিষ্ঠানে। তাই বাধ্য হয়েই বিদ্যালয়টি দখল করা হয়েছে।

প্রধান শিক্ষক গোলাম ফারুক জানান, প্রতিষ্ঠানে চাকরি করার মত কোন যোগ্য ব্যক্তি নেই জমিদার পরিবারে। তাই চাকরি দেয়া সম্ভব হয়নি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সানোয়ার হোসেন জানান, বিষয়টি নিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।